রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৩, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৯ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/ ২২ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০২.২৬.৮৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **কোরবানি সম্পর্কিত বিষয়াদির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণ কমিটি** নিম্নরূপে গঠন করেছে:

১.১। **কমিটির গঠন :**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | : | সভাপতি |
| (২) | মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | : | সদস্য |
| (৫) | মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | : | সদস্য |
| (৬) | মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৭) | মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | : | সদস্য |
| (৮) | প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | : | সদস্য |
| (৯) | সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| (১০) | সচিব, শিল্প মন্ত্রণালয় | : | সদস্য |
| (১১) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

(১২) চামড়া ও চামড়াজাত খাতের ব্যবসায়ী নেতৃবৃন্দ ৩ জন (সরকার কর্তৃক মনোনীত) : সদস্য

(১৩) সচিব, বাণিজ্য মন্ত্রণালয় : সদস্য-সচিব।

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.২। **কমিটির কার্যপরিধি :**

(১) সঠিকভাবে চামড়া সংগ্রহ ও সংরক্ষণ এবং এতদার্থে পর্যাপ্ত লবণের সরবরাহ নিশ্চিত করার প্রক্রিয়া নির্ধারণ;

(২) চামড়ার উপযুক্ত মূল্য নিশ্চিত করা এবং কোরবানির সাথে সম্পর্কিত বিষয়াদির সুষ্ঠু ও দক্ষ ব্যবস্থাপনা নিশ্চিত করা;

(৩) চামড়ার বিক্রয়লব্ধ অর্থ প্রাপ্তির ক্ষেত্রে ধর্মীয় প্রতিষ্ঠানগুলির স্বার্থ সুরক্ষার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

(৪) কোরবানির হাট, পশু পরিবহন এবং পরিবহনের সময় নিষ্ঠুরতা প্রতিরোধের বিষয়ে নির্দেশনা জারি;

(৫) চামড়া শিল্প নগরী, সাভারসহ সারা দেশে দ্রুত ও যথাযথভাবে বর্জ্য ব্যবস্থাপনার জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন; এবং

(৬) এ কমিটি ঈদুল আযহার পূর্বে সকল পর্যায়ে চামড়া সংগ্রহ ও সংরক্ষণের প্রাতিষ্ঠানিক কার্যক্রম নিশ্চিতের ব্যবস্থা করবেন।

১.৩। বাণিজ্য মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৪। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

১.৫। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৬। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ১২ মে ২০২৫ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২৫.৯৭ স্মারকের জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd